# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ২১, ১৯৮৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

আভ্যন্তরীণ সম্পদ বিভাগ।

বিজ্ঞপ্তি

ঢাকা, ২১শে নভেম্বর ১৯৮৫

নং এস, আর, ও 493-L/83/অম/আসবি-আদা-১৮/৮৫-শা-২—১৯৮২ সালের ২৪শে মার্চের ঘোষণা মোতাবেক এবং তদ্‌উদ্দেশ্যে অর্পিত ক্ষমতাবলে রাষ্ট্রপতি বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের সহিত পরামর্শক্রমে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনামঃ**—এই বিধিমালা অঘোষিত কর্মচারী (বাংলাদেশ কর আপীল আদালত) নিয়োগবিধি, ১৯৮৫, নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞাসমূহঃ**—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে এই বিধিমালায়,—

(ক) "কমিশন" বলিতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনকে বুঝাইবে;

(খ) "তফসিল" বলিতে বিধিমালার সহিত সংযোজিত তফসিল বুঝাইবে;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" বলিতে সরকারকে বুঝাইবে এবং কোন নির্দিষ্ট পদ অথবা এইরূপ পদ শ্রেণীর সহিত সম্পর্কিত নিয়োগের ব্যাপারে, সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা ইহার অন্তর্ভুক্ত হইবে;

(ঘ) "নির্দিষ্ট পদ" বলিতে তফসিলে উল্লেখিত পদ বুঝাইবে;

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" বলিতে তফসিলে বর্ণিত নির্দিষ্ট পদের যোগ্যতা বুঝাইবে;

(চ) "শিক্ষানবীশ" বলিতে নির্দিষ্ট পদে শিক্ষানবীশ হিসাবে নিযুক্ত কোন ব্যক্তিকে বুঝাইবে; এবং



মূল্য : ৩০ পয়সা

তফসিল

| ক্রমিক নং। | নির্দিষ্ট পদের নাম। | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স সীমা। | নিয়োগ পদ্ধতি। | যোগ্যতা। |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | তত্ত্বাবধায়ক | .. | উচ্চমান সহকারীদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। প্রচলিত সরকারী বিধি অনুযায়ী | দ্বিতীয় পোষ্টে ৫(পাঁচ) বৎ[সর] অভিজ্ঞতা। |
| ২ | সাঁটলিপিকার | .. | ঐ | .. |
| ৩ | উচ্চমান সহকারী | .. | ঐ | .. |
| ৪ | সাঁট-মুদ্রাক্ষরিক | .. | ঐ | .. |
| ৫ | নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক। | .. | ঐ | .. |
| ৬ | ড্রাইভার | ২৫ বৎসর | ঐ | ১। অষ্টম শ্রেণী পর্যন্ত লেখাপ[ড়া]<br>২। ৩ (তিন) বৎসরের অভিজ্ঞত[া] বৈধ ড্রাইভিং লাইসেন্[স] অধিকারী। |
| ৭ | নথি-বিন্যাসকারী | .. | এম, এল, এস, এস-দের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | দ্বিতীয় পোষ্টে ৫(পাঁচ) বৎস[র] অভিজ্ঞতা। |
| ৮ | এম, এল, এস, এস | ১৮ বৎসর হইতে ২৫ বৎসর বয়সসীমা। | প্রচলিত সরকারী বিধি অনুযায়ী | .. |

রাষ্ট্রপতির আদেশক্রমে
শেফকত বখত চৌধুরী
সচিব।

মোহাম্মদ ওবায়দুল মোক্তাদের, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মতিন সরকার, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা, কর্তৃক প্রকাশিত।

(ছ) "স্বীকৃতি প্রাপ্ত মহাবিদ্যালয়" বলিতে আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন মহাবিদ্যালয়কে বুঝাইবে এবং এই বিধি-উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন মহাবিদ্যালয় ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতিঃ**—(১) তফসিলে বর্ণিত বিধানসাপেক্ষে কোন নির্দিষ্ট পদে নিম্ন বিধৃত পদ্ধতিতে নিয়োগ দান করা হইবেঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে, অথবা

(খ) পদোন্নতির মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্ট পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য প্রয়োজনীয় যোগ্যতা তাহার না থাকে এবং সরাসরি নিয়োগক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়ঃসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগঃ**—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কোন নির্দিষ্ট পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা চলিবে না।

(২) নির্দিষ্ট পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবে না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশে ডমিসাইলড না হন। তবে যে ব্যক্তি পূর্ব হইতেই প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্ত রহিয়াছেন, তাহার ক্ষেত্রে এই দফা প্রযোজ্য হইবে না; এবং

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৩) কোন নির্দিষ্ট পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য পরিদপ্তরের মহাপরিচালক কর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন, যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগ যোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা নির্দিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত।

(৪) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্ট পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লেখিত ফিসহ যথাযথ ফরমে ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় ঊর্ধতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।



৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগঃ—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত বিভাগীয় পদোন্নতি কমিটির সুপারিশের ভিত্তিতে নির্দিষ্ট পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবেঃ—

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি নির্দিষ্ট পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিসিঃ**—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে নির্দিষ্ট পদের নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে স্থায়ী নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবেঃ—

শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসির মেয়াদ এইরূপ সম্প্রসারণ করিতে পারেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই সে ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষঃ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে (৪) উপ-বিধির বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল, সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারী আদেশ বলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাস করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

Received to-day vide No. [illegible] dt. 9.9.86 from the AR: Dhaka

[Published in the Bangladesh Gazette, Part I, dated the 24th May, 1984.]

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

**MINISTRY OF FINANCE**

**Internal Resources Division**

*Section II*

NOTIFICATION

Dhaka, the 13th May 1984

**No. MF/IRD-II-54/82/238.**—In pursuance of the Proclamation of the 24th March, 1982, and in exercise of all powers enabling him in that behalf, the President, after consultation with the Bangladesh Public Service Commission, is pleased to make the following rules, namely:—

THE REGISTRAR AND ASSISTANT REGISTRAR (INCOME TAX APPELLATE TRIBNUAL) RECRUITMENT RULES, 1984.

1. **Short title.**—These rules may be called the Registrar and Assistant Registrar (Income Tax Appellate Tribunal) Recruitment Rules, 1984.

2. **Definitions.**—In these rules, unless there is anything repugnant in the subject or context,—

(a) "appointing authority" means the Government and includes, in relation to a specified post, any officer authorised by the Government in this behalf;

(b) "Commission" means the Bangladesh Public Service Commission;

(c) "Probationer" means a person appointed on probation to a specified post;

(d) "recognised University" means a University established by or under any law for the time being in force and includes any other University declared by the Government, after consultation with the Commission, to be a recognised University for the purpose of these rules;

(e) "requisite qualification" in relation to a specified post, means the qualification laid down in the Schedule in relation to that post;

(f) "Schedule" means the Schedule annexed to these rules; and

(g) "specified post" means a post specified in the Schedule.

3. **Procedure for recruitment.**—(1) Subject to the provisions of the Schedule, appointment to a specified post shall be made—

(a) by direct recruitment; or

(b) by promotion.

(2) No person shall be appointed to a specified post unless he has the requisite qualification and, in the case of direct recruitment, he is also within the age limit laid down in the Schedule for that post:

Provided that in the case of a person who has already been appointed to a specified post on *ad hoc* basis, the age limit may be relaxed by such period as he may have been holding the post continuously as an *ad hoc* appointee.

4. **Appointment by direct recruitment.**—(1) No appointment to a specified post by direct recruitment shall be made except upon the recommendation of the Commission.

(2) No person shall be eligible for appointment to a specified post by direct recruitment, if he—

(a) is not a citizen or a permanent resident of, or domiciled in, Bangladesh; or

(b) is married to, or has entered into a promise of marriage with, a person who is not a citizen of Bangladesh.

(3) No appointment to a specified post by direct recruitment shall be made until—

(a) the person selected for appointment is certified by a Medical Board set up for the purpose by the Director General of Health Services that he is medically fit for such appointment and that he does not suffer from any such organic defect as is likely to interfere with the discharge of the duties of that post; and

(b) the antecedents of the person so selected have been verified through appropriate agencies and found to be such as do not render him unfit for appointment in the service of the Republic.

(4) No person shall be recommended for appointment to a specified post unless—

(a) he applied in such form, accompanied by such fee and before such date, as was notified by the Commission while inviting applications for that post; and

(b) in the case of a person already in Government service or in the service of a local authority, he applied through his official superior.

5. **Appointment by promotion.**—(1) Appointment by promotion to a specified post shall be made on the recommendation of such Departmental Promotion Committee as the Government may constitute in this behalf:

Provided that appointment by promotion to a specified post of higher class shall be made on the recommendation of the Commission.

(2) A person shall not be eligible for appointment by promotion to a specified post if he has unsatisfactory records of service.

6. **Probation.**—(1) Persons selected for appointment to a specified post against a substantive vacancy shall be appointed on probation,—

(a) in the case of direct recruitment, for a period of two years from the date of substantive appointment; and

(b) in the case of promotion, for a period of one year from the date of such appointment:

Provided that the appointing authority may, for reasons to be recorded in writing, extend the period of probation by a period or periods so that the extended period does not exceed two years in the aggregate.

(2) Where, during period of probation of a probationer, the appointing authority is of opinion that his conduct and work is unsatisfactory or that he is not likely to become efficient, it may, before the expiry of that period,—

(a) in the case of direct recruitment, terminate his service; and

(b) in the case of promotion, revert him to the post from which he was promoted.

(3) After the completion of the period of probation including the extended period, if any, the appointing authority,—

(a) if it is satisfied that the conduct and work of the probationer during his period of probation has been satisfactory,

shall, subject to the provisions of sub-rule (4), confirm him; and

(b) if it is of opinion that the conduct and work of the probationer during that period was not satisfactory, may,—

(i) in the case of direct recruitment, terminate his service; and

(ii) in the case of probation, revert him to the post from which he was promoted.

(4) A probationer shall not be confirmed in a specified post until he has passed such examination and undergone such training as the Government may, from time to time, direct:

Schedule

| Sl. No. | Name of the specified post. | Age limit for direct recruitment. | Method of recruitment. | Requisite qualification. |
|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 |
| 1 | Registrar | .. | By promotion from amongst the Assistant Registrar. | (a) Bachelor degree in Law from a recognised University; and<br>(b) Seven years' experience as Assistant Registrar. |
| 2 | Assistant Registrar. | Not exceeding 27 years. | (i) Two-thirds by direct recruitment; and<br>(ii) One-third by promotion from amongst the permanent Stenographers and permanent Upper Division Assistants. | *For direct recruitment.*—Bachelor degree in Law from a recognised University.<br>*For promotion.*—Ten years' experience in a feeder post or posts specified in column 4.<br>Preference will be given to a candidate having a Bachelor degree in Law from a recognised University. |

By order of the President,
S. B. CHAUDHURI
Secretary.

BGP-83/84-6698G-100—24-5-1984

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুন ৩০, ২০০২

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ৩০শে জুন, ২০০২/১৬ই আষাঢ়, ১৪০৯

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ৩০শে জুন, ২০০২ (১৬ই আষাঢ়, ১৪০৯) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে ঃ—

## ২০০২ সনের ১৪নং আইন

সরকারের আর্থিক প্রস্তাবাবলী কার্যকরকরণ এবং কতিপয় আইন সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু সরকারের আর্থিক প্রস্তাবাবলী কার্যকরকরণ এবং নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে কতিপয় আইন সংশোধন করা সমীচীন ও প্রয়োজন ;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ-

### প্রথম অধ্যায়

### প্রারম্ভিক

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।- (১) এই আইন অর্থ আইন, ২০০২ নামে অভিহিত হইবে।

(২) The Provisional Collection of Taxes Act, 1931 (XVI of 1931) এর অধীনে জারীকৃত ঘোষণা এই আইন ২০০২ সনের ১লা জুলাই তারিখে কার্যকর হইবে।



মূল্য ঃ টাকা ১৫·০০

## নবম অধ্যায়

### Income-tax Ordinance, 1984 (Ord. No. XXXVI of 1984) এর সংশোধন

২৭। **Ordinance No. XXXVI of 1984 এর section 2 এর সংশোধন।-** Income -tax Ordinance, 1984 (XXXVI of 1984), অতঃপর Income-tax Ordinance বলিয়া উল্লিখিত, এর section 2 এর-

(ক) clause (26) এর-

(অ) sub-clause (d) এর পর নিম্নরূপ sub-clause (dd) সন্নিবেশিত হইবে, যথাঃ-

"(dd) any profit remitted outside Bangladesh by a company not incorporated in Bangladesh under কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন);"; এবং

(আ) sub-clause (iii) এর পর নিম্নরূপ নতুন sub-clause (iiia) সন্নিবেশিত হইবে, যথাঃ-

" (iiia) any bonus share issued by a company;";

(খ) clause (34) এর শেষ প্রান্তস্থিত সেমিকোলন এর পরিবর্তে কোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ proviso সংযোজিত হইবে, যথাঃ-

" Provided that the amount representing the face value of any bonus share or the amount of any bonus declared, issued or paid by any company registered in Bangladesh under কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) to its shareholders with a view to increase its paid-up share capital shall not be included as income of that share holder;"; এবং

(গ) clause (62) এর "and includes any" শব্দগুলির পর " additional tax, excess profit tax," শব্দগুলি ও কমা সন্নিবেশিত হইবে।

২৮। **Ordinance No. XXXVI of 1984 এর section 11 এর সংশোধন।-** Income -tax Ordinance এর section 11 এর-

(ক) sub-section (1) এর "judicial and accountant " শব্দগুলি বিলুপ্ত হইবে ;

(খ) sub-section (2) বিলুপ্ত হইবে; এবং

(গ) sub-section (3) এর পরিবর্তে নিম্নরূপ sub-section (3) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"(3) A person shall not be appointed as a member of the Taxes Appellate Tribunal unless -

(i) he was a member of the Board; or

(ii) he was a Commissioner of Taxes; or

(iii) he is a Commissioner of Taxes; or

(iv) he is a chartered accountant and practiced professionally for a period not less than eight years; or

(v) he is a cost and management accountant and practiced professionally for a period not less than eight years; or

(vi) he is an income tax practitioner within the meaning of section 174(2)(f) and practiced professionally for not less than twenty years; or

(vii) he is a professional legislative expert having not less than eight years experience in the process of drafting and making financial and tax laws; or

(viii) he is an advocate and practiced professionally for not less than ten years in any income tax office." ।

২৯। **Ordinance No. XXXVI of 1984এর section 12 এর সংশোধন।-** Income -tax Ordinance এর section 12 এর sub-section (2) এর "and that there is equality in number of judicial members and accountant members" শব্দগুলি বিলুপ্ত হইবে।

৩০। **Ordinance No. XXXVI of 1984 এর নতুন section 16B ও 16C এর সন্নিবেশ।-** Income-tax Ordinance এর section 16A এর পর নিম্নরূপ নতুন sections 16B ও 16C সন্নিবেশিত হইবে; যথা ঃ-